

বিশেষ অনুশীলন / শ্রেণি: সপ্তম / বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময় : ১ ঘন্টা ১৫ মিনিট

পূর্ণমান: ৫০

১। নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ:

$1 \times 30 = 30$

১। সংশ্র জীবের মধ্যে কী রূপে অবস্থান করেন?

ক) আত্মা খ) দেবদেবী গ) অবতার ঘ) আগুন

২। সংশ্রের অংশকে কী বলা হয়?

ক) দেবতা খ) অবতার গ) ঋষি ঘ) মুনি

৩। প্রজাপতি কার অপর নাম?

ক) ব্রহ্মা খ) বিষ্ণু গ) শিব ঘ) নারায়ণ

৪। 'একৎ সদ্বিপ্র বহুধা বদন্তি' কোথায় বর্ণিত আছে?

ক) সামবেদে খ) গীতায় গ) ঋগবেদে ঘ) মহাভারতে

৫। জল ও আকাশের দেবতা কে?

ক) শশাঙ্ক খ) অগ্নি গ) বরুন ঘ) প্রজাপতি

৬। কাকে পিতামহ বলা হয়?

ক) ব্রহ্মাকে খ) শিবকে গ) বিষ্ণুকে ঘ) ইন্দ্রকে

৭। দ্বাপর যুগে পৃথিবীতে কে অবতাররূপে অবতীর্ণ হন?

ক) শ্রীকৃষ্ণ খ) শ্রীরাম গ) হরিচাঁদ ঠাকুর ঘ) শ্রীচৈতন্য

৮। শ্রীমদ্ভগবদ্গীতায় বিশ্বরূপ দর্শন যোগ কর্তৃত অধ্যায়?

ক) অষ্টম খ) নবম গ) দশম ঘ) একাদশ

৯। পুরাণের প্রধান বৈশিষ্ট্য কয়টি?

ক) পৌর্ণ খ) বার গ) আঠারো ঘ) একুশ

১০। সংশ্রের পৃথিবীতে অবতাররূপে আবির্ভূত হওয়ার কারণ-

i) দুষ্টের দমন

ii) জীবের কল্যাণ

iii) সৌন্দর্য উপভোগ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১১। প্রতিটি সৃষ্টির আদি পুরুষ কে?

ক) মনু খ) ব্রহ্মা গ) মহাদেব ঘ) বিষ্ণু

১২। দেবতা বা ঋষিদের জীবনচরিতদের কী বলা হয়?

ক) মৰ্বত্তর খ) সর্গ গ) বংশানুচরিত ঘ) বংশ

১৩। চতুর্তীতে কতগুলো মন্ত্র আছে?

ক) পাঁচশত খ) ছয়শত গ) সাতশত ঘ) আটশত

১৪। শ্রীশ্রী চন্দ্রীর আরেক নাম কী?

ক) সপ্তশতী খ) বিষ্ণুপুরাণ গ) পঞ্চশতী ঘ) বর্ণশ্রম

১৫। মহামায়া, অশ্বিকা ও কালিকা কার নাম?

ক) দেবী দুর্গা খ) দেবী সরস্বতী গ) দেবী শীতলা ঘ) দেবী মনসা

১৬। শ্রীরাম কখন দেবী দুর্গার পূজা করতেন ?

ক) বসন্তকালে খ) শরৎকালে গ) বর্ষাকালে ঘ) হেমতকালে

১৭। সুরথ কেন বংশের রাজা ছিলেন ?

ক) চৈত্রবংশ খ) সূর্যবংশ গ) পালবংশ ঘ) সেনবংশ

১৮। হিমালয় দেবী দুর্গাকে কী দিলেন ?

ক) ত্রিশূল খ) খড়গ গ) সিংহ ঘ) বাঘ

১৯। হিন্দুধর্মের প্রধান ভিত্তি কয়টি ?

- ক) দুটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি

নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

প্রভাদেবী নিজের কর্মজীবনের পাশাপাশি নিজের সন্তানকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে অত্যন্ত সচেতন। কারণ তিনি জানেন যে, সন্তানকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলার জন্য মায়ের অবদানই শ্রেষ্ঠ।

২০। সন্তানকে উপযুক্ত সুনাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে প্রভাদেবীর করণীয় –

- i) উপযুক্ত শিক্ষা প্রদান
- ii) নেতৃত্ব চরিত্র গঠনকে গুরুত্ব দেওয়া
- iii) স্বাবলম্বী করে তোলা

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

২১। প্রভাদেবীর পারিবারিক জীবনে আচরণিক যে অবস্থানটি বিশেষভাবে ফুটে উঠেছে তা হলো-

- i) কন্যারূপে

- ii) বধূরূপে

- iii) মাতৃরূপে

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii গ) iii ঘ) i ও ii

২২। রাজা ভরত কার ভক্ত ছিলেন?

- ক) বিষ্ণুর খ) শ্রীকৃষ্ণের গ) দুর্গার ঘ) রামের

২৩। ভরত মুনি পরজন্মে কোনরূপে জন্মগ্রহণ করেন?

- ক) বৃক্ষরূপে খ) হরিণরূপে গ) কুমাররূপে ঘ) সর্পরূপে

২৪। হিন্দুধর্মে ঈশ্বরের প্রকৃতি বা শক্তি কে?

- ক) শিশু খ) পুরুষ গ) নারী ঘ) যুবক

২৫। প্রতিদিন সকাল ও সন্ধ্যায় কাকে প্রণাম করতে হয়?

- ক) শিক্ষককে খ) ঠাকুরদা - ঠাকুরমাকে গ) পিতামাতাকে ঘ) কাকা-কাকিমাকে

২৬। ‘শলভ’ শব্দের অর্থ কী?

- ক) ফড়িং খ) পতঙ্গ গ) সাপ ঘ) ব্যাঙ

২৭। রাতে কী বলে ঘুমাতে হয়?

- ক) বিষ্ণু খ) বন্ধা গ) দুর্গা ঘ) পদ্মনাভ

২৮। ধর্মসাধনার প্রথম শর্ত কী ?

- ক) আরাম করা খ) আমোদ করা গ) শরীরকে সুস্থ রাখা ঘ) ধর্মচর্চা করা

২৯। কোন দিকে মুখ করে বসে ঈশ্বরকে স্মরণ করা হয়?

- ক) পূর্ব খ) পশ্চিম গ) দক্ষিণ ঘ) সবদিক

৩০। যারা কোলকুঁজো তাদের জন্য কোন আসনটি উপকারী ?

- ক) শলভাসন খ) পশ্চিমোত্তানাসন গ) শবাসন ঘ) সুখাসন

২। নিচের উদ্দীপকগুলো পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

১০×২=২০

১। সোহিনী সপ্তম শ্রেণির ছাত্রী। সে মাটি দিয়ে খুব সুন্দর পুতুল তৈরি করেছে। এটা দেখে তার ছোটবোন মোহিনী খুব খুশি হয়ে বলল, দিদি তোমার বানানো পুতুল টা খুব সুন্দর। তুমি মাটি দিয়ে পুতুল বানাতে পার কিন্তু মাটি, নদী, সমুদ্র ইত্যাদি সৃষ্টি করতে পার না। তখন সোহিনী বলল, সৃষ্টিকর্তা তাঁর মনের মাধুরী মিশিয়ে এই পৃথিবী সৃষ্টি করেছেন। এসব সৃষ্টির পিছনে এক অসীম শক্তি বিরাজ করছে।

ক) দীর্ঘ শব্দের অর্থ কী?

১

খ) জীবাত্মা বলতে কি বোঝা? ব্যাখ্যা কর।

২

গ) প্রকৃতির যে রূপ দেখে সোহিনী মুগ্ধ হয়েছে তা পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর।

৩

ঘ) সকল সৃষ্টির পিছনে এক অসীম শক্তি বিরাজ করে- সোহিনীর এ কথাটি বিশ্লেষণ কর।

৪

২। অপূর্ব ও তার মা একদিন মন্দিরে গেল। মন্দিরে গিয়ে প্রণাম করতেই এক পুরোহিত বললেন, নিয়মিত ধর্মগ্রন্থ পাঠ এবং ধর্মকর্ম পালন করা আমাদের প্রত্যেকের কর্তব্য। ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে আমরা হিন্দুধর্ম এবং সমাজের নানা কথা জানতে পারি। পুরাণ হচ্ছে নানা বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যাবিত। পুরাণ পাঠ করলে সৃষ্টি ও দেবতাদের উপাখ্যান, ঋষি ও রাজাদের বংশ, পৃথিবীর ভৌগোলিক পরিচিতি, তীর্থমাহাত্ম্য, দান, ঋত, তপস্যা, আযুর্বেদ প্রভৃতি সম্বন্ধে আমরা জানতে পারি। ধর্মগ্রন্থের উপাদেশাবলি আমাদের নীতিবোধকে জাগ্রত করে।

ক) পুরাণ শব্দের অর্থ কী ?

১

খ) শ্রী শ্রী চন্তী কিভাবে পুরাণের অন্তর্গত? ব্যাখ্যা কর।

২

গ) অপূর্ব কীভাবে পুরাণ পাঠের মাধ্যমে নীতি শিক্ষা লাভ করতে পারবে? তোমার পাঠ্য পুস্তকের আলোকে ব্যাখ্যা কর।

৩

ঘ) ‘পুরাণ নানা বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যাবিত’— এই উক্তিটি তোমার পাঠ্য পুস্তকের আলোকে বিশ্লেষণ কর।

৪